



## নিয়োগ বিজ্ঞপ্তি

পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) কর্তৃক বাস্তবায়িত PKSF এর অর্থায়নে Pathways to Prosperity for Extremely Poor People (PPEPP) প্রকল্পের আওতায় কিশোরগঞ্জ জেলার ইটনা উপজেলায় প্রত্যন্ত গ্রামে/ইউনিয়নে কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নিম্নলিখিত পদসমূহের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

### পদের নাম : এম.আই.এস. অফিসার

শিক্ষাগত যোগ্যতা : যে কোন বিষয়ে স্নাতক। সামাজিক বিজ্ঞান, পরিসংখ্যান, ডেভেলপমেন্ট স্টাডিজ বিষয়ে স্নাতক ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।

বেতন : ৩২,৫০০/- টাকা। এছাড়াও প্রকল্প নির্ধারিত অন্যান্য সুযোগ সুবিধা।

কর্মস্থল : কিশোরগঞ্জ জেলার ইটনা ও নিকলী উপজেলা।

অভিজ্ঞতা : পুষ্টি বিষয়ক কর্মসূচীতে কমিউনিটি পর্যায়ে MIS বিষয়ে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স : সর্বোচ্চ ৩৫ বছর। যোগ্যতর প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

প্রকল্প মেয়াদ : জুন ৩০, ২০২৬ পর্যন্ত।

### দায়িত্ব ও কর্তব্যঃ

- মনিটরিং ও মূল্যায়নের সংখ্যাগত ও গুণগত ব্যবস্থা, ডাটাবেজ ব্যবস্থাপনা এবং কৃষি, জীবিকায়ন, মাতৃ ও শিশু স্বাস্থ্য ও পুষ্টি, দুর্যোগ্য ও জলবায়ু অভিযোজন, প্রতিবন্ধকতা ও নারীর ক্ষমতায়নের মাধ্যমে জেলার সমতা অর্জন বিষয়ে জ্ঞান।
- জরিপে প্রাপ্ত তথ্যের আলোকে উপকারভোগীদের প্রোফাইল তৈরী বা সংরক্ষণ করা।
- জরিপ সংক্রান্ত সকল তথ্য হালনাগাদ করা।
- জরিপে প্রাপ্ত তথ্যের আলোকে সময়ভিত্তিক বিভিন্ন গবেষণা সংক্রান্ত তথ্য সংগ্রহে সহায়তা করা।
- বিভিন্ন খাতে প্রদত্ত ঋণের আলোকে এমআইএস তৈরী করা।
- মাঠপর্যায়ে PPEPP প্রকল্পের আওতায় চলমান কার্যক্রমের তথ্য লিপিবদ্ধ করা।
- শাখা পর্যায়ে উপকারভোগীদের প্রয়োজন অনুযায়ী তথ্য সরবরাহ করার লক্ষ্যে ডিজিটাল সার্ভিস পরিচালনা করা।
- সরকারের ইউনিয়ন তথ্য ও সেবাকেন্দ্রের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন করা।
- PPEPP প্রকল্পের নিয়মিত onsite ও offsite মনিটরিং করা।
- নিয়মিতভাবে উপকারভোগীদের প্রোফাইল হালনাগাদ করা।
- PPEPP প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়নে সহায়তা করা ও প্রকল্পের মোট বাজেটকে শাখাভিত্তিক বাজেট বন্টন করা এবং শাখা ভিত্তিক বাজেট অনুযায়ী খরচের ফলোআপ ও অন্যান্য প্রতিবেদন তৈরীতে সহায়তা করা।
- শাখা হতে মাসিক প্রতিবেদনের তথ্য সংগ্রহ করা ও সমন্বিত মাসিক প্রতিবেদন তৈরী করে সঠিক সময়ে কেন্দ্রীয় অফিসে প্রেরণ করা।
- শাখা হতে ত্রৈমাসিক ভিত্তিতে পুনঃভরণ তথ্য সংগ্রহ করা ও সমন্বিত পুনঃভরণ প্রতিবেদন তৈরী করে সঠিক সময়ে কেন্দ্রীয় অফিসে প্রেরণ করা।
- প্রকল্পের প্রয়োজনে দাতা সংস্থা ও সংস্থার নির্দেশনা মোতাবেক দায়িত্ব পালন।

আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্রসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি রসিদ ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, পেশা, পদবী, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত মোবাইলনম্বরসহ আবেদনপত্র আগামী ০৩/১০/২০২৫ তারিখের মধ্যে উপ-পরিচালক (মানবসম্পদ), পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। ইমেইলেও আবেদন পাঠাতের পারেন। ইমেইল: [hr@popibd.org](mailto:hr@popibd.org)। অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য নয়। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে। খামের উপর পদের নাম উল্লেখ করবেন।

web: [www.popibd.org](http://www.popibd.org)

“নারী-শিশু নির্যাতন ও বুদ্ধিগুরু শিশুশ্রম দণ্ডনীয় অপরাধ”